JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/22/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নারীদের প্রজননসংক্রান্ত অধিকার রক্ষাকারী বিধান স্বাক্ষর করলেন

প্রজননসংক্রান্ত স্বাস্থ্য আইন (Reproductive Health Act, RHA) স্বাক্ষর করার প্রতিশ্রুতি পালন করলেন - যা গভর্নরের 2019 ন্যায়বিচার এজেন্ডার (2019 Justice Agenda) একটি কেন্দ্রীয় অংশ - নতুন বিধানিক অধিবেশনের প্রথম 30 দিনের মধ্যে

প্রজননসংক্রান্ত স্বাস্থ্য আইন নিশ্চিত করে যে নিউ ইয়র্কবাসীরা ব্যক্তিগত স্বাস্থ্যসেবা সিদ্ধান্ত নিজে নিতে পারবে এবং অপরাধ শাস্তির ভয় ছাড়া জরুরি সেবা প্রদান করা যাবে

রো বনাম ওয়েডকে (Roe v. Wade) স্টেট আইনে কোডিফাই করলেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে প্রজননসংক্রান্ত স্বাস্থ্য আইনকে আইন হিসেবে স্বাক্ষর করার তার প্রতিশ্রুতি পূরণ করলেন, যা 2019 ন্যায়বিচার এজেন্ডার একটি মুখ্য উপাদান, এটি তিনি করলেন নতুন বিধানিক অধিবেশনের প্রথম 30 দিনের মধ্যে। প্রজননসংক্রান্ত স্বাস্থ্য আইন নারীর প্রজননসংক্রান্ত অধিকার সংরক্ষণ করে এটি নিশ্চিত করার মাধ্যমে যে নিউ ইয়র্কবাসীরা ব্যক্তিগত স্বাস্থ্যসেবা সিদ্ধান্ত নিজে নিতে পারবে এবং মেডিক্যাল পেশাদাররা অপরাধ শাস্তির ভয় ছাড়া জরুরি সেবা প্রদান করতে পারবে। এই বিধান *রো বনাম ওয়েডকে* নিউ ইয়র্ক স্টেটের আইনে কোডিফাই করে।

"ফেডারেল সরকারের রো বনাম ওয়েড এবং নারীদের প্রজননসংক্রান্ত অধিকার পিছিয়ে দেওয়ার চেষ্টার মুখে, আমি প্রতিশ্রুতি দিয়েছিলাম যে নতুন অধিবেশনের প্রথম 30 দিনের মধ্যে অতি গুরুত্বপূর্ণ এই বিধানটি পাশ করাবো - এবং আমরা এটি করতে পেরেছি", **গভর্নর কুওমো বলেন।** "গর্ভপাত করতে পারার সুযোগসহ নারীদের তার নিজের ব্যক্তিগত স্বাস্থ্যসংক্রান্ত সিদ্ধান্ত নিজে নিতে পারার অধিকার নিশ্চিত করতে যে কঠিন লড়াই চলছে, আজ আমরা সেইদিকে একটি বিরাট পদক্ষেপ নিলাম। এই বিলটি স্বাক্ষর মাধ্যমে, আমরা পরিষ্কার বার্তা পাঠাচ্ছি যে ওয়াশিংটনে যাই হোক না কেন, নিউ ইয়র্কের নারীদের নিজেদের শরীরের উপর নিয়ন্ত্রণ রাখার মৌলিক অধিকার সবসময় থাকবে।"

"নারী অধিকারের শিখা বহনকারী হিসেবে, যা আমাদের স্টেটে 1848 সালে প্রথম প্রজ্বলিত হয়েছিল, আজকের এই লড়াই চালিয়ে যাওয়া আমাদের নৈতিক দায়িত্ব", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "নির্বাচনে অফিসের জন্য রেকর্ড সংখ্যক নারী নির্বাচিত হওয়ার কল্যাণে, আমি স্টেট সিনেটের সভাপতিত্ব করেছি এবং অবশেষে আমরা আমাদের মহান এই স্টেটে নারী অধিকার রক্ষার্থে প্রজননসংক্রান্ত স্বাস্থ্য আইন প্রণয়ন করতে পেরেছি। আমরা আজকে, রো বনাম ওয়েডের যুগান্তকারী সিদ্ধান্তের বর্ষপূর্তির দিনে, করেছি এবং চার দশকের বেশি সময় ধরে যে সুরক্ষা রয়েছে তা বাতিল করতে সুপ্রিম কোর্টের দৃঢ়তার ফলে আমরা যে হুমকির সম্মুখীন হয়েছি তা সনাক্ত করতে পেরেছি। নিউ ইয়র্কের নারীদের জন্য আজ একটি ঐতিহাসিক দিন এবং আমরা গর্বিত

যে নারীদের পূর্ণ সমতা ও নিরাপত্তা নিশ্চিত করতে আমরা দিন রাত কাজ করছি।"

প্রজননসংক্রান্ত স্বাস্থ্য আইন জন স্বাস্থ্য আইনকে সংশোধন করে, নারীদের গর্ভপাত করতে পারাকে অপরাধ নয় হিসেবে গণ্য করে এবং যেসব ডাক্তার এই কাজ করে তাদের রক্ষা করে।

সব ধরনের স্বাস্থ্য সেবা বিকল্প, নিশ্চিত জরুরি গর্ভ-নিরোধক এবং অন্যান্য গর্ভ-নিরোধক ঔষধ পাওয়াসহ নারীদের অধিকারে ওয়াশিংটনের আক্রমণের মুখে, গভর্নর ফেডারেল সরকারের পরিবর্তন বিরোধিতা করার পদক্ষেপ নিয়েছেন। 2018 সালের জুলাই মাসে, গভর্নর একটি নির্বাহী আদেশ স্বাক্ষর করেন যা অর্থনৈতিক সেবা অধিদপ্তর (Department of Financial Services) ও স্বাস্থ্য অধিদপ্তরকে (Department of Health) নির্দেশ দেয় কিছু নিয়মকানুন প্রতিপালন করার জন্য যার ফলে বীমা প্রদানকারীরা ঔষধের দোকান থেকে কেনা জরুরি গর্ভ-নিরোধক, অন্যান্য সব গর্ভ-নিরোধক ঔষধ, ডিভাইস বা নারীদের অন্য পণ্যকে তাদের বীমার অন্তর্গত করতে এবং সহ-বীমা (co-insurance), কো-পে (co-pays) বা কোনো ডিডাকটিবল (deductibles) ছাড়াই একবারে 12 মাসের গর্ভ-নিরোধক প্রদান করতে বাধ্য হবে।

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেছেন, "নিউ ইয়র্ক একসময় বাছাই ও নারীদের অধিকার সংক্রান্ত ব্যাপারে সবার আগে ছিলো। দুর্ভাগ্যবশত অনেক বছর ধরে, নারী অধিকারের প্রতিবন্ধকতা সৃষ্টি করা হয়েছে, এবং আমাদের স্টেট পিছিয়ে গেছে। আজকে, আমরা ঐসব প্রতিবন্ধকতা ভেঙ্গে ফেলছি এবং আমরা আবার সবার আগে চলছি। আমি গভর্নর কুওমো, সহকর্মী স্পিকার হিস্টি, এবং উভয় বিল স্পনসর সিনেটর লিজ ক্রুগার ও অ্যাসেম্বলিওম্যান ডেবোরাহ গ্লিককে সাধুবাদ জানাচ্ছি এই ঐতিহাসিক পদক্ষেপ নেওয়ার জন্য এবং নারী অধিকারের লড়াইয়ে নিউ ইয়র্ক স্টেটকে সম্মুখে নেতৃত্ব দেওয়ার জন্য। সময় এসে গেছে নিউ ইয়র্কের আরো একবার দেশের প্রগতিশীল আলোকশিখা হয়ে উঠার।"

সিনেটর লিজ ক্রুগার বলেন, "গর্ভপাত করানো করানো খুব ব্যক্তিগত একটি সিদ্ধান্ত। এতে একজন নারীর অনন্য পরিস্থিতি, তার মেডিক্যাল প্রয়োজন, তার ব্যক্তিগত নৈতিকতা, এবং তার নিজের শরীরের মত ব্যাপার সংক্রান্ত একটি জটিল বিষয়। এই কারণে এই সিদ্ধান্তটি একজন নারী এবং তার স্বাস্থ্যসেবা প্রদানকারীকেই নিতে হবে - কোনো সরকার এই সিদ্ধান্ত নিতে পারে না। আমাদের গর্ভপাত আইনসমূহ, যদিও একসময় যুগান্তকারী ছিলো, এখন তা পঞ্চাশ বছর পুরোনো। এগুলি রো বনাম ওয়েড দ্বারা নির্ধারিত মানদণ্ডের সমকক্ষ নয়, এবং এগুলি আধুনিক মেডিক্যাল অনুশীলনের প্রতিফলন নয়। আমরা কোনোদিন জানতে পারবো না নিউ ইয়র্কের কতো নারী ভুক্তভোগী হয়েছে এবং মারাও গেছে কারণ আমাদের সেকেলে আইনের ফলে তারা সেই যত্ন নিতে পারেনি যা তাদের নিদারুণভাবে দরকার ছিলো। আজকে আমরা পৃষ্ঠা উল্টে ফেলেছি। RHA প্রণয়নের মাধ্যমে, নারীদের প্রজননসংক্রান্ত স্বাস্থ্যসেবার ব্যাপারে নিউ ইয়র্ক দেশের শীর্ষে চলে যাবে, এবং এটি নিশ্চিত করতে সাহায্য প্রত্যেক নিউ ইয়র্কবাসীর নিজের ও পরিবারের স্বাস্থ্যসংক্রান্ত সিদ্ধান্ত নিজে নেওয়ার স্বাধীনতা ও সুযোগ রয়েছে।"

অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি বলেন, "যখন ওয়াশিংটনের প্রশাসন নারীদের প্রজননসংক্রান্ত অধিকারের উপর তাদের আক্রমণ চালিয়ে যাচ্ছে, অ্যাসেম্বলির সংখ্যাগরিষ্ঠরা নারীর বাছাই করার অধিকারের জন্য লড়াই করতে নিবেদিতই আছে। আমরা আজকে যে বিলটি পাশ করেছি তা নিশ্চিত করবে যে নিউ ইয়র্কবাসীরা তাদের পরিবার পরিকল্পনা সিদ্ধান্ত নিয়ন্ত্রণ করতে পারবে, তাদের প্রয়োজনীয় প্রজননসংক্রান্ত স্বাস্থ্যসেবা লভ্য হবে এবং তাদের বাছাইয়ের জন্য তাদের প্রতি বৈষম্য করা হবে না। সিনেটে আমাদের নতুন অংশীদারদের সাথে

ঐতিহাসিক রো বনাম ওয়েড সিদ্ধান্তের বর্ষপূর্তির দিনে আমরা অবশেষে উভয় হাউজে এই বিধানটি পাশ হতে এবং আইন হিসেবে স্বাক্ষর।"

অ্যাসেম্বলি সদস্য ডেবোরাহ জে. গ্লিক বলেন, "নিউ ইয়র্কের নারীদের তাদের নিজেদের স্বাস্থ্যসেবা সংক্রান্ত সিদ্ধান্ত নিতে পারা উচিত। নারীরা নিজেদের স্বাস্থ্য সংক্রান্ত সিদ্ধান্ত তাদের স্বাস্থ্যসেবা প্রদানকারী পেশাদারের পরামর্শে কোনো হস্তক্ষেপ ছাড়া নিজেরাই গ্রহণ করবে, কোনো বিধানিক এটি করতে পারবে না। বহু বছর ধরে নারীদের অত্যাবশ্যক সুরক্ষার এই আইন পাশের জন্য লড়াই চলছে, অবশেষে আমাদের সময় এসেছে। নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি বহু বছর ধরে মশালটি প্রজ্বলিত রেখেছে, এবং এই মশালটি নারীদের সম্মান ও স্বাস্থ্যসেবা সংক্রান্ত সিদ্ধান্ত নিতে পারার তাদের মৌলিক অধিকার রক্ষার্থে নিবেদিত এমন একটি সিনেটের হাতে তুলে দিতে পেরে আমরা অত্যন্ত খুশি। গভর্নর কুওমোর সমর্থন এবং অবশেষে এই বিলটি স্বাক্ষর করার জন্য তার আগ্রহের কারণে আমি গভর্নরের প্রতি কৃতজ্ঞ।"

গ্লোরিয়া স্টিনেম বলেন, "সে জন্ম দিবে কিনা এই সিদ্ধান্ত নিতে পারার ক্ষমতা একজন নারীর জন্য সে স্বাস্থ্যবান থাকবে কিনা, শিক্ষিত হবে কিনা, সে ঘরের বাইরে কাজ করবে কিনা, এবং সে কতদিন বাঁচবে এই সবকিছুর জন্যই একটি বিশাল নির্ণায়ক। পিতৃতন্ত্র ও জাতিভেদ তাদের এই অধিকার কেড়ে নিয়েছে, কখনো ধর্মের দোহাই দিয়ে, অথচ এটি আমাদের সর্বাপেক্ষা মৌলিক গণতান্ত্রিক অধিকার। প্রজননসংক্রান্ত স্বাস্থ্য আইনটি পাশ করার জন্য আমি গভর্নর কুওমো ও নিউ ইয়র্ক স্টেট বিধানসভার প্রতি কৃতজ্ঞ। এটি রো বনাম ওয়েডকে নিউ ইয়র্ক স্টেটের আইনে কোডিফাই করবে, নিজেদের শরীরের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার জন্য নারীর অধিকার নিশ্চিত করবে, এবং এমন একটি ভবিষ্যৎ তৈরি করবে যেখানে প্রতিটি শিশুর ভালবাসায় এবং ইচ্ছার কারণে জন্মানোর অধিকার থাকবে।"

জাতীয় প্রজননসংক্রান্ত স্বাস্থ্য কার্যক্রম তহবিল ইনস্টিটিউটের (National Institute of Reproductive Health Action Fund) প্রেসিডেন্ট অ্যান্ড্রিয়া মিলার বলেন, "গভর্নর কুওমো মানসম্পন্ন প্রজননসংক্রান্ত স্বাস্থ্যসেবা পেতে নারীর অধিকারের জন্য অক্লান্তভাবে ওকালতি করেছেন, বিশেষ করে রাষ্ট্রপতি, মার্কিন কংগ্রেস ও সুপ্রিম কোর্টের পরিপন্থী আক্রমণের সম্মুখীন হয়ে। আজকে, RHA, কম্প্রিহেন্সিভ কন্ট্রাসেপশন কভারেজ আইনের (Comprehensive Contraception Coverage Act, CCCA), এবং বস বিল (Boss Bill) স্বাক্ষর করার মাধ্যমে, তিনি গর্ভপাত সেবা ও গর্ভনিরোধক সুযোগ প্রদানকারী হিসেবে নিউ ইয়র্কের প্রগতিশীল অবস্থান পাকাপোক্ত করলেন।"

এম্পায়ার স্টেট পরিকল্পিত অভিভাবকত্ব আইনের (Planned Parenthood Empire State Acts) প্রেসিডেন্ট ও সিইও রবিন চ্যাপেল গলস্টন বলেন, "আমরা আজকে এখানে কারণ আমরা আমাদের নিজদের শরীর নিজে নিয়ন্ত্রণ করতে পারার এবং আমাদের প্রয়োজনীয় প্রজননসংক্রান্ত স্বাস্থ্য সেবা পাওয়ার অধিকার চেয়েছি। নিউ ইয়র্কবাসীরা জানে যে আমাদের স্বাস্থ্যসেবার ঘড়ির কাটা ঘোরাতে বা আমাদের অধিকার নিয়ে যেতে কেউ পারে না। অ্যাডভোকেট ও আমাদের বিধানিক রক্ষকরা আমাদের প্রজননসংক্রান্ত স্বাধীনতা ও অধিকার নিরাপদ রাখতে একসাথে কাজ করেছে। আমরা অ্যাসেম্বলি স্পিকার কার্ল ই. হিস্টি, সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স এর নেতৃত্ব এবং আমাদের প্রজননসংক্রান্ত অধিকার নিরাপদ রাখতে গভর্নর অ্যান্ড্রু কুওমোর দূরদৃষ্টি ও অঙ্গীকারকে ধন্যবাদ জানাচ্ছি।"

নিউ ইয়র্ক সিভিল লিবার্টিজ ইউনিয়ন (New York Civil Liberties Union, NYCLU)-এর নির্বাহী পরিচালক ডোনা লিবারম্যান বলেন, "আজকে নিউ ইয়র্ক স্টেট নারীদের অধিকার

ব্যক্তিস্বাধীনতা রক্ষায় একটি ঐতিহাসিক ভোট দিলো। প্রজননসংক্রান্ত স্বাস্থ্য আইন প্রজননসংক্রান্ত স্বাস্থ্যসেবাকে একটি মৌলিক অধিকার হিসেবে স্বীকৃতি দেয়। এটি গর্ভপাতকে অপরাধ কোড থেকে বের করে নারী অধিকার যেখানে থাকার কথা সেখানে নিয়ে আসলো -- জনস্বাস্থ্য আইনে। এটি নারীরা যেসব মেডিক্যাল পেশাদারের কাছে যেতে পারে তাদের স্বীকৃতি দেয়, দ্রুত সেবা পাওয়ার সুযোগ বৃদ্ধি করে। কম্প্রিহেন্সিভ কন্ট্রাসেপশন কভারেজ আইনের সাথে মিলিত হয়ে, এই বিধানটি নারীদের এই সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা জোরদার করবে জীবন, শরীর ও পরিবারের জন্য কোনটি সঠিক। যখন ট্রাম্প প্রশাসনের নারী বিরোধী প্রচেষ্টার দ্বারা উৎসাহিত হয়ে দেশের বিভিন্ন স্থানে প্রজননসংক্রান্ত অধিকারের উপর আঘাত আসছে, রো বনাম ওয়েড দ্বারা নিশ্চিত অধিকার রক্ষা করতে নিউ ইয়র্কের গর্ভপাত আইন হালনাগাদ করা এখন সময়ের থেকে বেশি গুরুত্বপূর্ণ। যদিও নিউ ইয়র্ক দেশের নারীদের জন্য একটি নিরাপদ আশ্রয় হিসেবে নিশ্চিত করতে আরো অনেক কাজ বাকি, আজকে কালাতিক্রান্ত এক উদযাপনের দিন।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন